রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ২৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১১, ২০১৯

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৪৩—৩৫০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৪৯—৭৭১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৫৭৩—২৫৯৩ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জুন ২০১৯

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-৩০৪**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা-১১(১)(চ) এর বিধান অনুযায়ী জনাব হারুন-অর-রশীদ হাওলাদার, চেয়ারম্যান, দুমকী উপজেলা পরিষদ, পটুয়াখালী-কে ২য় মেয়াদে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে সর্বোচ্চ ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিন উদ্দিন**
সহকারী প্রধান।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬/৩০ মে ২০১৯

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.০৭০.১৮-২৩৬**—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৫ (পাঁচ) জন অফিসারকে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯এ, আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো:—

(ক) বিএ-৯৭৮০ লে. শাফায়েত আহম্মেদ, আর্টিলারি
(খ) বিএ-৯৮২৯ লে. এ, এইচ, এম, ইকরামুজ্জামান, পদাতিক
(গ) বিএ-৯৮৬২ লে. তৌকির মাহমুদ তুষার, আর্টিলারি
(ঘ) বিএ-৯৯৬৫ লে. আব্দুল্লাহ ওমর নাসিফ, আর্টিলারি
(ঙ) বিএ-১০০২১ লে. কে. এম. যাইদ বিন রহমান, পদাতিক

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/২২ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.১৪(অংশ-১)-১৫০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্ব লিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে যা বিগত ১৭-১২-২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.(অংশ-১)৩৪০/১(৫) নং স্মারকের পত্রের আলোকে গেজেটে প্রকাশিত মৌজার নাম সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে পুনঃপ্রকাশ করা হলো :

| পূববর্তী গেজেটের ক্রমিক নম্বর | পূর্ববর্তী গেজেটে প্রকাশিত মৌজার নাম | সংশোধিত মৌজার নাম | জেএল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | খোলা ডাঙ্গা | খোলাডাঙ্গা | ৭৮ | যশোর সদর | যশোর |
| ৮ | হোগলা ডাঙ্গা | হোগলাডাঙ্গা | ১৭৫ | নড়াইল সদর | নড়াইল |
| ১০ | চুয়াডাঙ্গ | চুয়াডাঙ্গা | ১৬১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/৩০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩৪.০০.০০০০.০৫১.৬৫.০০১.১৯-৯৬**—যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ৮(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সিলেকশন কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সদস্য |
| (৩) | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর অথবা তদকর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৪) | মহাপরিচালক, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর অথবা তদ্‌কর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৫) | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর অথবা তদ্‌কর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৬) | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড অথবা তদ্‌কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৭) | জনাব নঈম নিজাম, সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন। | : | সরকার মনোনীত সদস্য |
| (৮) | জনাব রোকেয়া প্রাচী, সমাজকর্মী ও সংগঠক, গুলশান-২, ঢাকা। | : | সরকার মনোনীত সদস্য |
| (৯) | সংশ্লিষ্ট উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সদস্য-সচিব |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ সাঈদ আলী**
উপসচিব (যুব)।

---

**তথ্য মন্ত্রণালয়**
**টিভি-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৬/১৩ মে ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-২১৬(১৮)**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত বিভিন্ন প্যাকেজ অনুষ্ঠান প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে “বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটি” গঠন করা হলো :

**সভাপতি**

১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
৩. উপসচিব (টিভি-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. জনাব মোঃ সাদিকুর রহমান চৌধুরী, মিডিয়া ব্যক্তিত্ব, ঢাকা

৫. জনাব অরুণ সরকার রানা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা
৬. মীর জাহিদুল হাসান, অভিনেতা ও নির্দেশক, ঢাকা
৭. রোকোয়া প্রাচী, অভিনয় শিল্পী ও নির্দেশক, ঢাকা
৮. তানভীন সুইটি, অভিনয় শিল্পী, ঢাকা
৯. জনাব মোঃ শাকিল খান, চলচ্চিত্র অভিনেতা, ঢাকা
১০. তাহেরা ফেরদৌস জেনিফার, উপস্থাপিকা ও নাট্যশিল্পী, ঢাকা
১১. নাসরিন হুদা বীথি, ঢাকা।
১২. ইয়াসমীন হোসেন, ঢাকা।
১৩. জনাব মোঃ আক্তারুজ্জামান খোকা, ঢাকা।
১৪. জনাব মোঃ গিয়াস উদ্দিন খান, ঢাকা।

**সদস্য-সচিব**

১৫. পরিচালক(অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা

২। কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ :-

(১) এ কমিটি বহিরাগত নির্মাতাদের অনুষ্ঠান যাচাই-বাছাই করে অনুষ্ঠানের প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে ;

(২) মহাপরিচালক এবং উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) এর অনুপস্থিতিতে মহাপরিচালক কর্তৃক নির্বাচিত একজন সদস্য উক্ত সভায় সভাপতিত্ব করবেন ;

(৩) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে ;

(৪) টিভি ভবনের প্রিভিউ কক্ষে প্রয়োজন অনুযায়ী সভা/ প্রিভিউ অনুষ্ঠিত হবে ;

(৫) বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না। এছাড়া বিটিভির নিজস্ব কোন অনুষ্ঠানে অংশগ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির সভাপতির অনুমোদন গ্রহণ করতে হবে ;

(৬) কোন সদস্য পদ শূন্য হলে মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

৩। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ২০ মার্চ ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১২১ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুজিনা সুলতানা**
উপসচিব।

---

**চলচ্চিত্র-২ অধিশাখা**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬/২৭ মে ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৭.০১.০০১.১৮.২৩৭**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে ২৪ এপ্রিল ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৭.০১.০০১.১৮.১৭১ সংখ্যক প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় নিম্নের ছকে উল্লিখিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রযোজককে ২০১৮-২০১৯ অর্থ বছরে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে :

**সাধারণ শাখা:**

| ক্রঃ নং | চলচ্চিত্রের নাম | প্রযোজক/প্রস্তাবকের নাম | পরিচালকের নাম | অনুদানের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | স্বপ্ন মৃত্যু ভালবাসা | মিজ শমী কায়সার | জনাব ওয়াহিদ তারেক | ৬০.০০ লক্ষ | - |

**অনুদানের শর্তাবলি :**

০১. চলচ্চিত্রগুলোর নির্মাণ কাজ তদারকির জন্য গঠিত উপ-কমিটির পরামর্শ/সুপারিশ মতে চলচ্চিত্র নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।

০২. সরকারের পূর্বানুমতি ব্যতীত শিল্পী/কলাকুশলী/গল্প/চিত্রনাট্যের কোনো পরিবর্তন করা যাবে না ;

০৩. অনুদানের প্রথম চেক প্রাপ্তির ০৯ (নয়) মাসের মধ্যে চলচ্চিত্র নির্মাণ সমাপ্ত করতে হবে ;

০৪. অনুদানে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) ০২ ঘন্টার বেশি না হওয়া বাঞ্ছনীয়। তবে বিশেষ প্রয়োজন সাপেক্ষে অনুদান কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে প্রক্ষেপণ সময়সীমা বৃদ্ধি করা যাবে ;

০৫. নির্বাচিত চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের ১ম কিস্তি হিসেবে অনুদানের ৩০% অর্থ প্রদান করা হবে। অনধিক ০৩ মাসের মধ্যে চলচ্চিত্রের কমপক্ষে ৩০% ভাগ চিত্রায়নের পর অনুদান কমিটি কর্তৃক চিত্রায়িত অংশ সন্তোষজনক বিবেচিত হলে অনুদানের দ্বিতীয় কিস্তি হিসেবে ৩৫ মিঃ মিঃ ফরমেটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব আরো ৫০% এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব ৩০% অর্থ প্রদান করা হবে ;

০৬. ৩৫ মিঃ মিঃ ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সুপারিশ সাপেক্ষে অবশিষ্ট শতকরা ২০ ভাগ অর্থ প্রদান করা হবে। ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষাপূর্বক অবশিষ্ট শতকরা ৪০ ভাগ অর্থ প্রদান করা হবে। সংশ্লিষ্ট চলচ্চিত্র সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে হার্ডডিস্ক/ডিভিডি ফরম্যাটে একটি কপি অবশ্যই জমা দিতে হবে। তবে কমিটি চলচ্চিত্রটি দেখে সঙ্গত কারণ থাকলে কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার অনুদানের টাকার পরিমাণ কমাতে পারবে ;

০৭. অনুদানে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবেন। সে ক্ষেত্রে সরকার আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৮. সরকারের নিকট গ্রহণযোগ্য কারণ ছাড়া যদি প্রযোজক অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে চলচ্চিত্র নির্মাণের সাথে যুক্ত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার নিজ জিম্মায় গ্রহণ করার আইনানুগ অধিকার সংরক্ষণ করে এবং প্রদত্ত অনুদানের অর্থ প্রচলিত সুদসহ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য আইনগত যে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারবে ;

০৯. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদশীল হতে হবে ;

১০. অনুদান প্রদানের পরও সরকার যে কোনো যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে ;

১১. অনুদানপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলী বাংলাদেশি নাগরিক হতে হবে । তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশি এক বা একাধিক কলাকুশলীর প্রয়োজন হয়, তথ্য মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্তরূপ সংখ্যক কলাকুশলী অংশগ্রহণ করতে পারবেন ;

১২. উপরের ছকে বর্ণিত প্রস্তাবিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রযোজক তাঁর নামের পার্শ্বে ৫নং কলামে উল্লিখিত হারে অনুদান পাবেন ;

১৩. সরকারি অনুদানপ্রাপ্ত কোনো চলচ্চিত্র বিএফডিসিতে নির্মাণের সুবিধা গ্রহণ করতে চাইলে বিএফডিসি বিধি মোতাবেক তাদের সার্ভিস চার্জে ৫০% ছাড় দিতে পারে ;

১৪. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের গল্প/কাহিনী/চিত্রনাট্যের জন্য গল্প লেখক/চিত্রনাট্যকারগণকে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উৎসাহ পুরস্কার প্রদান করা হবে। সে ক্ষেত্রে কোনো চলচ্চিত্রের গল্প লেখক/চিত্রনাট্যকার একাধিক হলে এ টাকা সমহারে বিভাজ্য হবে;

১৫. সরকারি অনুদানে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তজার্তিক দিবস এবং দেশি-বিদেশি চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত রেখে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করে ;

১৬. অনুদানের অর্থ গ্রহণের পর চলচ্চিত্র নির্মাণ না করা হলে প্রযোজককে সমুদয় অর্থ প্রচলিত সুদসহ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে। অন্যথায় কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে ;

১৭. কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোনো ধরনের সুবিধা দাবি করতে পারবেন না ;

১৮. প্রস্তাবিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে কমপক্ষে 2K Resolution- এ অথবা ৩৫ মিঃ মিঃ ফরমেটে নির্মাণ করা যাবে ; তবে নির্মিত চলচ্চিত্রটি অবশ্যই বাংলাদেশের প্রেক্ষাগৃহে বিদ্যমান ব্যবস্থায় প্রদর্শনের উপযোগী হতে হবে।

১৯. প্রতি কিস্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে চলচ্চিত্র নির্মাণ কার্যাদির তারিখ ও স্থান উল্লেখ করে কার্য তফসিল (Work Schedule), সম্ভাব্য ব্যয় প্রাক্কলন এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্বতন কিস্তির সমন্বয় হিসাব জমা প্রদান করতে হবে ;

২০. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদ পত্র গ্রহণ করতে হবে ;

২১. সরকারি অনুদানে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের স্বত্ব কোন ভাবেই হস্তান্তর করা যাবে না ;

২২. প্রযোজক ‘পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান নিয়মাবলি’র বিধান যথাযথভাবে প্রতিপালন করবেন এবং সরকারি বিধি অনুযায়ী করা/ভ্যাট প্রদান করবেন ;

২৩. প্রযোজক শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করবেন ও সে মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন ; এবং

২৪. উপর্যুক্ত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্পে সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করবেন এবং চলচ্চিত্রটি কোন্ ফরমেটে (ডিজিটাল অথবা ৩৫ মিঃ মিঃ) নির্মিত হবে তা লিখিতভাবে তথ্য মন্ত্রণালয়কে অবহিত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ইকরামুল হক সরকার**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪২৬/০৩ জুন ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৫.১৮-৭১**—যেহেতু, জনাব মোহাম্মদ আমিন উদ্দিন, জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সুনামগঞ্জ (ঘটনাকালীন কর্মস্থল-উপপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম ও অতিরিক্ত দায়িত্ব জোন অধিনায়ক, চট্টগ্রাম মহানগর আনসার, উত্তর জোন) এর বিরুদ্ধে এপিসি, হেমায়েত উদ্দিনকে তার অঙ্গীভূতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও সংস্থায় বহাল রেখে তাকে অতিরিক্ত বেতনভাতা প্রদান করা ; আনসার, কবির হোসেনকে গত ০৯-০২-২০১৭ তারিখ অ-অঙ্গীভূত করা হলেও জুলাই, ২০১৭ পর্যন্ত তার বেতন ভাতার বিলে প্রতিস্বাক্ষর করা ; পিসি, সুলতান মাহমুদকে সাময়িক প্রত্যাহার করা হলেও তাকে জুলাই, ২০১৭ মাসের পূর্ণ বেতনভাতা প্রদান করা এবং নীতিমালা ভঙ্গ করে আনসার সদস্যকে বদলি করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অপরাধে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় এ বিভাগের গত ২২-০১-২০১৯ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৫.১৮-১৫ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তিনি গত ২৪-০১-২০১৯ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন ;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ৩০-০৪-২০১৯ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে এবং লিখিত জবাবে তিনি জানান যে, যথাসময়ে এপিসি না পাওয়ায় এপিসি হেমায়েত উদ্দিনকে ২৪ দিন অতিরিক্ত দায়িত্বে বহাল রাখতে হয়েছে। আনসার, কবির হোসেন এর সাথে থানা অফিসারের যোগসাজশে তার চাকরির মেয়াদ গত ২০-০১-২০১৭ তারিখে উত্তীর্ণ হওয়ার পরও জুলাই ২০১৭ পর্যন্ত তাকে বেতনভাতা প্রদান করা হয়েছে। উক্ত বিলে তিনি প্রতিস্বাক্ষর করেছেন মাত্র। পিসি সুলতান মাহমুদ উক্ত অভিযোগ হতে অব্যাহতি পাওয়ায় এবং থানা কর্মকর্তা ও তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে তাকে জুলাই২০১৭ পুরো মাসের বেতনভাতা প্রদান করা হয়েছে। তিনি আরও জানান যে, কোন্ কোন্ আনসার সদস্যকে বদলি করেছেন তা অভিযোগে সুনির্দিষ্ট করা হয়নি। কর্তৃপক্ষের নির্দেশে আনসার সদস্যদের বদলি করা হয়েছে মর্মে উল্লেখপূর্বক তিনি অনিচ্ছাকৃত ভুল-ক্রুটির জন ক্ষমা প্রার্থনা করেন ;

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত কর্মকর্তা এপিসি, হেয়ায়েত উদ্দিন এর অঙ্গীভূতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও ২৪ দিন সংস্থায় বহাল রেখে তাকে অতিরিক্ত বেতনভাতা প্রদান করে, আনসার, কবির হোসেন এর অঙ্গীভূতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর তাকে অ-অঙ্গীভূত করা হলেও তার বেতনভাতার বিল প্রতিস্বাক্ষর করে এবং পিসি, সুলতান মাহমুদ পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ায় সাময়িক প্রত্যাহার করা হলেও তাকে পুরো মাসের বেতনভাতা দিয়ে তিনি আর্থিক অনিয়ম করলেও ব্যক্তিগতভাবে লাভবান হয়েছেন এমন প্রমাণ পাওয়া যায়নি। তার এ হেন কাজের মাধ্যমে তিনি দায়িত্বে অবহেলা করেছেন।

৪। সেহেতু, অভিযোগের গুরুত্ব বিবেচনায় এবং সার্বিক পর্যালোচনায় জনাব মোহাম্মদ আমিন উদ্দিন, জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সুনামগঞ্জ-কে ভবিষ্যতের জন্য 'সতর্ক' করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৬/১৬ মে ২০১৯

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৫.২০১৭-৩২৫**—যেহেতু, জনাব মাহমুদ আলম, সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা-মেহেরপুর জেলার সদর থানায় ধারা ১৬১ দন্ডবিধি এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা অনুযায়ী মামলা নং-২৩ এর প্রেক্ষিতে পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরিত হয়েছেন বিধায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের শৃংখলা-২ শাখার ০১-১১-২০১৫ তারিখের ৪৫.১৫১. ০২৭.০০.০০.০১৭.২০১৫-২৬৪ নম্বর স্মারকে তাকে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ১২-০৮-২০১৫ তারিখ হতে সরকারি চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় ;

যেহেতু, জনাব মাহমুদ আলম, সহকারী প্রকৌশলী উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৪৬/২০১৬ দায়ের করলে মহামান্য আদালত হতে সাময়িক বরখাস্তের আদেশ বাতিলের জন্য ১১-০৪-২০১৭ তারিখে "Accordingly, we direct the respondents to re-instate thepetitioner-applicant in the post of assistant Engineer of Health Engineering Department (HED) with continuity of service and service benefits from the date of suspension forthwith any fail" রায় প্রদান করা হয়;

যেহেতু, মহামান্য হাই কোর্টের উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টে লিভ টু আপিল নং-২৬৩৭/২০১৮ দায়ের করলে মহামান্য সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশন হতে "According, the petition for leave to appeal is dismissed as barred by limitation" রায় প্রদান করা হয় ;

এমতাবস্থায়, মাননীয় হাই কোর্টের রায়, মহামান্য সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশনের লিভ আপিল খারিজ হওয়ায় এবং স্বাস্থ্য ও পবিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ সেবা বিভাগের আইন অধিশাখার মতামতের ভিত্তিতে জনাব মাহমুদ আলম, সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা-মেহেরপুর জেলা (সাময়িকভাবে বরখাস্তকৃত)কে স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের শৃঙ্খলা-২ শাখার ০১-১১-২০১৫ তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.৩৫.২০১৫-২৬৪ নম্বর আদেশে সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

## আদেশাবলী

তারিখ : ১৬ মে ২০১৯

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৯-৩৩৯**—যেহেতু, ডাঃ দেবশ্রী সাহা (১৩১০১৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা গত ০৭-০৪-২০১৭ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৭-০৩-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৯-২২১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ দেবশ্রী সাহা (১৩১০১৯) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য ;

সেহেতু, ডাঃ দেবশ্রী সাহা (১৩১০১৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ০৭-০৪-২০১৭ হতে ২৩-০৪-২০১৯ তারিখ পর্যন্ত মোট ২ বছর ১৬ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তাকে তাঁর কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোবিন্দগঞ্জ, গাইবান্ধায় অবস্থান করে সরকারী দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তাকে তাঁর কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোবিন্দগঞ্জ, গাইবান্ধায় অবস্থান করে সরকারী দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.**১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-৩৪০**—যেহেতু, ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), সহকারী সার্জন, ছাওলা ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্র, পীরগাছা, রংপুর গত ৩০-০৬-২০১৮ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১১-০৩-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-১৪৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮) ব্যক্তিগত শুনানীতে জানান যে, ০১-০৫-২০১৮ হতে ৩০-০৬-২০১৮ পর্যন্ত বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে নেদারল্যান্ডে অবস্থানরত স্বামীর সাথে সাক্ষাতের নিমিত্ত কর্মস্থল ত্যাগ করেন। তিনি বিদেশে অবস্থানকালীন অসুস্থ হলে চিকিৎসকের শরণাপন্ন হন। তিনি তখন ৪ সপ্তাহ ৪ দিনের গর্ভবতীসহ সাব কোরিওনিক হেমাটোমা, হিমোগ্লোবিন ইডিজিজ ও এ্যাজমা রোগে আক্রান্ত হন। চিকিৎসার জন্য Maastrich UMC+ নামক হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেন। তাকে নেদারল্যান্ড হতে বাংলাদেশে ভ্রমণ করে আসার অনুমতি প্রদান না করায় বাংলাদেশে আসতে পারেননি। নির্ধারিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই কর্তৃপক্ষের বরাবরে গত ২৭-০৬-২০১৮ তারিখে নেদারল্যান্ড থেকে ই-মেইলের মাধ্যমে ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন। পরবর্তীতে তিনি কিছুটা শারীরিক সুস্থতা অনুভব করলে চিকিৎসকের পরামর্শ মোতাবেক দেশে প্রত্যাবর্তন করেন এবং ১১-০২-২০১৯ তারিখে কর্মস্থলে যোগদান করে স্বীয় দায়িত্ব পালন করে আসছেন ;

সেহেতু, ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), সহকারী সার্জন, ছাওলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পীরগাছা, রংপুর এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(ক) বিধি অনুযায়ী 'তিরস্কার' লঘু দন্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ৩০-০৬-২০১৮ হতে ০১-০২-২০১৯ তারিখ পর্যন্ত মোট ৭ মাস ১১ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-৩৪১**—যেহেতু, ডাঃ হাসাইন ইমাম (১২২৭৩৩), মেডিকেল অফিসার, জেলা সদর হাসপাতাল, বরগুনা গত ২৭-০৯-২০১৬ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১১-০৩-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-১৪৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ হাসাইন ইমাম (১২২৭৩৩) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য ;

সেহেতু, ডাঃ হাসাইন ইমাম (১২২৭৩৩), মেডিকেল অফিসার, জেলা সদর হাসপাতাল, বরগুনা এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ২৭-০৯-২০১৬ হতে ০৮-০৫-২০১৯ তারিখ পর্যন্ত মোট ২ বছর ৭ মাস ১১ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে সদর হাসপাতাল, বরগুনায় অবিলম্বে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। এই আদেশ সদর হাসপাতাল, বরগুনায় যোগদানের পর কার্যকর হবে এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি হিসেবে গণ্য হবে।

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬/২৯ মে ২০১৯

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৫.২০১৮-৩৪২**—যেহেতু, ডাঃ নাফিসা শামসুন নাহার (১২৪১৭৩), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টুংগীপাড়া, গোপালগঞ্জ গত ০৪-০৮-২০১৮ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৯-১১-২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৫.২০১৮-৪৩৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তার ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়েছে ;

সেহেতু, ডাঃ নাফিসা শামসুন নাহার (১২৪১৭৩), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ সিভিল সার্জন অফিস, গোপালগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তাকে এবারের মত সতর্ক করা হলো। তার অনুপস্থিতকালীন সময় গত ০৪-০৮-২০১৮ হতে ১৬-১১-২০১৮ তারিখ পর্যন্ত মোট ৩ মাস ১২ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৬.২০১৮-৩৪৩**—যেহেতু জনাব মোহাম্মদ ওমর ফারুক, জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার এবং সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার (অতিরিক্ত দায়িত্ব), সিভিল সার্জনের কার্যালয়, সুনামগঞ্জ "সুনামগঞ্জ পৌরসভার মেয়র এর শূন্য পদে উপনির্বাচন বন্ধ ঘোষিত ১৪ নং কে.বি.মিয়া সরকারী প্রথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে নিয়োজিত সহকারী প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্বে অবহেলা করেছেন" বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০২-১২-২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৬.২০১৮-৪৫০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ ওমর ফারুক এর বিরুদ্ধে নির্বাচন কমিশনের অভিযোগের ভিত্তিতে সুনামগঞ্জ পৌরসভার মেয়র এর শূন্য পদে উপনির্বাচন বন্ধ ঘোষিত ১৪ নং কে.বি.মিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে নিয়োজিত সহকারী প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্বে অবহেলা করার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে। এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য।

সেহেতু, জনাব মোহাম্মদ ওমর ফারুক, জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার এবং সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার (অতিরিক্ত দায়িত্ব), সিভিল সার্জনের কার্যালয়, সুনামগঞ্জ এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ২৯ মে ২০১৯

**নং বিচার-৭/২এন-৩৫/৭৫(অংশ-১)-২৩৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আবদুর রহমান ভূঁইয়া, পিতা-মোঃ আবু তাহের ভূঁইয়া, মাতা-মৃত আয়শা বেগম, গ্রাম-আদ্রা নতুন বাড়ী, ডাকঘর-ভোলাইন বাজার, উপজেলা-নাঙ্গলকোট, জেলা-কুমিল্লা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলা ৮নং আদ্রা উত্তর ইউনিয়নের বেলঘর, দঃ মেরকট, আদ্রা, মঘুয়া, দঃ শাকতলী ও গোরকাটা মৌজাসমূহের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৮.০০২.১৭-৫৮৫**—২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ/০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ০১(এক)টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১ | শাহরাস্তি বহুমুখী উচ্চ বিদ্যালয়, শাহরাস্তি, চাঁদপুর |

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**লুৎফুন নাহার**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত পত্র]**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৮.০০২.১৭-৫৮৫**—২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ/০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ০১(এক)টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | শাহরাস্তি বহুমুখী উচ্চ বিদ্যালয়, শাহরাস্তি, চাঁদপুর |

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।